

২০২৩

বাংলা

(মেজর)

(এন ই পি পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

প্রথম সেমেস্টার

কোর্স কোড : BENG-CC-101

বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ) ও বাংলা ভাষাতত্ত্ব (প্রথম ভাগ)

পূর্ণমান : ৬০

সময় : ২ ঘন্টা ৩০ মিনিট

দক্ষিণ প্রাত্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

- ১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 10 = 20$
- ক) চর্যাপদে কতজন পদকর্তার উল্লেখ আছে? প্রাচীনতম পদকর্তা কে?
 - খ) ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যটি কার লেখা? কাব্যটি কবে প্রকাশিত হয়?
 - গ) ‘গুণরাজ খাঁ’ কার উপাধি? তাঁর লেখা গ্রন্থের নাম কী?
 - ঘ) প্রাক্তৈতন্যযুগের একজন বিখ্যাত রামায়ণ অনুবাদকের নাম লেখো। তিনি কোথায় জন্মগ্রহণ করেন?
 - ঙ) পূর্বভারতের ‘কবিসার্বভৌম’ কাকে বলা হয়? তাঁর রচিত একটি গ্রন্থের নাম লেখো।
 - চ) ‘মনসামঙ্গল’ কাব্যের দু'জন পূর্ববঙ্গধারার কবির নাম করো।
 - ছ) বাংলা ভাষায় মহাভারতের প্রথম অনুবাদক কবি কে ছিলেন? তিনি কার আদেশে গ্রন্থটি লিখেছিলেন?
 - জ) ‘ধর্মঙ্গল’ কাব্যের আদি কবি কে ছিলেন? তাঁর রচিত গ্রন্থটির নাম কী?
 - ঝ) “নিরঞ্জন - সৃষ্টি নর অমূল্য রতন।
ত্রিভুবনে নাহি কেহ তাহার সমান।।”
— কার লেখা কোন্ রচনার অংশ?

[পরের পাতায়]

- এৱ) 'চৈতন্যভাগবত' গ্রন্থের দুটি বিশেষত্ব লেখো।
- ট) লিপি কাকে বলে? কোন লিপি থেকে বাংলা লিপির উত্তর হয়?
- ঠ) প্রকাশকালসহ দৌলত কাজীর গ্রন্থের নাম লেখো।
- ড) 'অধ্যসংবৃত' ও 'অধ্যবিবৃত' স্বরধ্বনি কাকে বলে? উদাহরণ দাও।
- ঢ) প্রাচীন ভারতীয় আর্যভাষার বিস্তৃতিকাল উল্লেখ করে এই ভাষার একটি সাহিত্যিক নির্দর্শনের নাম লেখো।
- ণ) আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালার দুটি মূল নীতির উল্লেখ করো।

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $5 \times 4 = 20$

- ক) তুর্কি আক্রমণের ইতিবাচক দিকগুলি উল্লেখ করো।
- খ) বাংলা সাহিত্য ও সমাজে চৈতন্যদেবের অবদান সংক্ষেপে লেখো।
- গ) শাক্তপদ রচনায় কবি রামপ্রসাদ সেনের অবদান উল্লেখ করো।
- ঘ) সৈয়দ আলাউদ্দের 'পদ্মাবতী' কাহিনীর উৎস নির্দেশ করে কবির কাব্য প্রতিভার পরিচয় দাও।
- ঙ) ভাষার সংজ্ঞা লেখো। এর বৈশিষ্ট্যের উল্লেখ করো।

২+৩

- চ) প্রাচীন ভারতীয় আর্যভাষার বৈশিষ্ট্যগুলি লেখো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $10 \times 2 = 20$

- ক) চর্যাপদে বিধৃত দেশ-কাল-সমাজের পরিচয় দাও।
- খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটির বিষয়বস্তু সংক্ষেপে আলোচনা করে কাব্যটির সাহিত্যিক মূল্য নির্ণয় করো।
- গ) চঙ্গীমঙ্গল কাব্য রচনায় কবিকঙ্কণ মুকুদ চক্ৰবৰ্তীর কবি প্রতিভার পরিচয় দাও।
- ঘ) প্রাচীন বাংলা ভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য আলোচনা করো।